# চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড
## চট্টগ্রাম ক্যান্টনমেন্ট

www.cbctg.gov.bd

৩০ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ

নং ২৩.২২.৭০০৪.০১১.১১.০০১.২৩. ৮৭৭ তারিখঃ------------------------।

১৫ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহের ২১ (একুশ) টি শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত এইচএসসি অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা ও কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ০২ | কঞ্জারভেন্সি ক্লার্ক | ০১ টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত এইচএসসি (বিজ্ঞান) অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা ও কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ০৩ | গাড়ী চালক (হালকা) | ০১ টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (BRTA) কর্তৃক প্রদত্ত বৈধ হালকা লাইসেন্সধারীসহ গাড়ি চালক হিসেবে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | অফিস সহায়ক | ০৩ টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম এসএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। |
| ০৫ | ওয়ার্ড বয় | ০১ টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম এসএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। |
| ০৬ | ইলেকট্রিক লাইনম্যান হেলপার | ০২ টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | নিরাপত্তা প্রহরী | ০৫ টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোনা স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম অষ্টম শ্রেণি পাস শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। |
| ০৮ | মালী | ০৪ টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোনা স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম অষ্টম শ্রেণির শিক্ষাগত যোগ্যতাসহ বিভিন্ন ঋতু উপযোগী ফুল বাগান পরিচর্যার ০৬ মাসের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৯ | আয়া | ০১ টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোনা স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম অষ্টম শ্রেণি পাস শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। |
| ১০ | পরিচ্ছন্নতা কর্মী | ০২ টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোনা স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম অষ্টম শ্রেণি পাস শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। |
| | মোট = | ২১ টি | | |

## শর্তাবলী

১। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট এর বরাবর আবেদনপত্র আগামী ১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। প্রার্থীকে www.cbctg.gov.bd ওয়েবসাইট অথবা www.forms.gov.bd ওয়েবসাইট থেকে চাকুরির আবেদন ফরম Download করে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সাথে সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সনদের ১ম শ্রেণির গেজেটেড কর্তকর্তাকর্তৃক সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে দাখিল করতে হবে।

৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর যেকোনো শাখা থেকে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৪। নিয়োগ আবেদনে এক কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে এবং ০২ (দুই) কপি ছবির পিছনে নামসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে আবেদনের সাথে প্রেরণ করতে হবে।

৫। ক্রমিক নং ১ থেকে ৩ এর ক্ষেত্রে নেত্রকোণা, চট্টগ্রাম, কক্সবাজার, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, পাবনা, বগুড়া, বরিশাল, ভোলা ও সিলেট এর অধিবাসীগণ এবং ক্রমিক নং ৪ থেকে ১০ এর ক্ষেত্রে মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, শরীয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, বাগেরহাট, বরিশাল ও ঝালকাঠী এর অধিবাসীগণের আবেদন করার প্রয়োজন নেই।

৬। প্রার্থীদের বয়স ১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। সকল জেলার এতিম ও প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবেন। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর হতে হবে।

৭। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/বীর শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যায়ন পত্র দাখিল করতে হবে। একইভাবে শারীরিক প্রতিবন্ধি ও এতিম হলে যথাক্রমে জেলা সমাজ অফিস ও জেলা প্রশাসকের নিকট প্রাপ্ত সনদ দাখিল করতে হবে।

৮। প্রজাতন্ত্রের কর্মে (সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান) অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্যতাসম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। উক্ত অনুমতি পত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে সকল মূলসনদ পত্রসমূহ প্রদর্শন করতে হবে।

১০। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষাসহ প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা নেওয়া হবে। নিয়োগ পরীক্ষায় উপস্থিতির জন্য কোন দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

১১। বিজ্ঞপ্তিতে বর্ণিত পদে চূড়ান্ত নিয়োগের ক্ষেত্রে সরকারের জারীকৃত/প্রকাশিত সর্বশেষ আইন, বিধি-বিধান ও নির্দেশনা অনুসরণ করা হবে।

১২। বাংলাদেশের যেকোন ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে চাকরি বদলীযোগ্য হবে।

১৩। প্রার্থীদের দাখিলকৃত কাগজাদি যাচাইপূর্বক ঘাটতি/অসংগতি/ত্রুটি/জালিয়াতি ইত্যাদি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩/১১/২৩

(সাজিয়া তাহের)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
চট্টগ্রাম ক্যান্টনমেন্ট
ফোন নং-০২৩৩৯২৪৩১৬২।